




বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর,
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-

তারিখ: ০৭ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২১ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

facebook live অনুষ্ঠানে অংশগ্রহণ বিষয়ক বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধিভুক্ত জেএস (ভোকেশনাল), এসএসসি (ভোকেশনাল), জেডি (ভোকেশনাল), দাখিল (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা- ইন- ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের গুরুত্ব, প্রয়োজনীয়তা এবং সুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে কারিগরি শিক্ষায় শিক্ষার্থী ভর্তির হার বৃদ্ধি করার নিমিত্ত একটি কর্মশালা আগামী ২৪ জানুয়ারি, ২০২৬ খ্রি. তারিখ রোজ: শনিবার সকাল ৯.০০ ঘটিকা হতে দিনব্যাপি প্রকৌশলী মো: রুহুল আমিন, চেয়ারম্যান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-এর সভাপতিত্বে পঞ্চগড় সরকারি অডিটোরিয়াম, পঞ্চগড়-এ অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি হিসেবে জেলা প্রশাসক, পঞ্চগড়, প্রকৌশলী মো: আনোয়ারুল কবীর, পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ও পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, রংপুর, কারিগরি শিক্ষা অধিদপ্তর উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বহল প্রচার ও প্রসারের লক্ষ্যে উক্ত কর্মশালা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের facebook পেজ <https://www.facebook.com/bteb.official> এর মাধ্যমে প্রচার করা হবে। উক্ত facebook live অনুষ্ঠানে আগ্রহী সকল শিক্ষার্থী ও অভিভাবক এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহের প্রধান শিক্ষক/অধ্যক্ষ/উপর্যুক্ত প্রতিনিধিসহ সংশ্লিষ্ট অংশীজনকে যথাসময়ে সংযুক্ত থাকার জন্য অনুরোধ জানানো হলো।


২১.০১.২০২৬
প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নং-০২-৫৫০০৬৫২৩ (অফিস)

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-

তারিখ: ০৭ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২১ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/মৎস অধিদপ্তর/বিএমইটি, ঢাকা।
- ০৩। অধ্যক্ষ, সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান (সরকারি/বেসরকারি)।
- ০৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৫। নথি।


মোহাম্মদ গোলাম মহিউদ্দিন ভূঁইয়া
বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫৩৮
ই-মেইল: mahib29@gmail.com